

ডিন কার্যালয়

সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-৫২০০।

স্মারক নং- হাবিপ্রবি/ডিন/এসএসএইচ/২০২৪/১৪১৫

তারিখ- ২৬/০১/২০২৪ই

বিজ্ঞপ্তি

এতদ্বারা এস.এস.এইচ অনুষদের ২০২৩ শিক্ষাবর্ষের ইংরেজি, অর্থনীতি, সমাজবিজ্ঞান এবং ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের Level-1, Semester-I শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের জানুয়ারী-জুন/২০২৩ সিমেষ্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ২৪/০১/২০২৪খ্রি. হতে ০১/০২/২০২৪খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত হারে সেমিস্টার ফি, অনুঘদীয় ফি এবং হল ক্লিয়ারেন্স ফি (ডিসেম্বর, ২০২৩ইং পর্যন্ত), রূপালী ব্যাংক, হাবিপ্রবি শাখার চলতি হিসাব নং- ৫০৭৪০১০০১৬৯৭৬ অথবা অনলাইন নগদ এ জমা দিতে হবে। উল্লেখিত ফি সমূহের কপি ই-মেইলে (dean.ssh@hstu.ac.bd) এবং হার্ডকপি এস.এস.এইচ অনুষদের ডিন অফিসে জমা (রেজিস্ট্রার খাতায় এন্ট্রি করে এন্ট্রি নাম্বার ও তারিখ সংরক্ষণ করা জরুরী) দিতে হবে।

বিগত ফাইনাল পরীক্ষায় F, C এবং D গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা Recovery এবং Improvement পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি কোর্সের জন্য ক্রেডিট ফি ১৫০/- জমা দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। উল্লেখ্য যে, F গ্রেড Recovery এর জন্য কোর্স সংখ্যা অনির্ধারিত কিন্তু একজন শিক্ষার্থী প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ২টি কোর্স Improvement পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

আগামী ২৪/০১/২০২৪খ্রি. হতে ০১/০২/২০২৪খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে এন্ট্রিফর্ম সংগ্রহ ও জমা দেয়া যাবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় ৩ এর অধিক কোর্সে F গ্রেড পেলে এন্ট্রিফর্ম পূরণ করার প্রয়োজন নেই। উল্লেখিত তারিখের পর কোন অবস্থায় এন্ট্রিফর্ম জমা নেয়া হবে না। উল্লেখ্য যে, অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ এন্ট্রিফর্ম (আবেদনপত্র) গৃহীত হবে না।

ক্রমিক	বিভাগ	ক্রেডিট	ক্রেডিট ফি	অন্যান্য ফি	সর্বমোট প্রদেয় ফি
০১।	ইংরেজি	১৫.০	১৫.০×১৫০/-= ২,২৫০/-	-	২,২৫০/-
০২।	অর্থনীতি	১৬.৫	১৬.৫×১৫০/-= ২,৪৭৫/-	-	২,৪৭৫/-
০৩।	সমাজবিজ্ঞান	১৯.৫	১৯.৫×১৫০/-= ২,৯২৫/-	-	২,৯২৫/-
০৪।	ডেভেলপমেন্ট স্টাডিজ	১৫.৫	১৫.৫×১৫০/-= ২,৩২৫/-	-	২,৩২৫/-

➤ বোর্ড বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা কোর্সের ক্রেডিট ফি মওকুফ সুবিধা পেতে হইলে, ডিন, এস.এস.এইচ অনুষদ বরাবর আবেদন করতে হবে এবং প্রমাণ স্বরূপ বাংলাদেশ সরকারের প্রকাশিত বোর্ড বৃত্তি প্রাপ্তি সনদের গেজেট এর কপি সংযুক্ত করতে হবে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান, হাবিপ্রবি।
- ২। সকল হল সুপার, হাবিপ্রবি।
- ৩। প্রক্টর, হাবিপ্রবি।
- ৪। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ, হাবিপ্রবি।
- ৫। পরিচালক (হিসাব)।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, হাবিপ্রবি।
- ৭। কো-অর্ডিনেটর, আইটিসেল, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) হাবিপ্রবি।
- ৮। পি.এস. টু ভিসি, (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য) হাবিপ্রবি।
- ৯। ব্যবস্থাপক, রূপালী ব্যাংক, হাবিপ্রবি শাখা।
- ১০। নোটিশ বোর্ড।

 ২৬/০১/২০২৪

প্রফেসর ড. রোজীনা ইয়াসমিন (লাকী)

ডিন

সোস্যাল সায়েন্স এন্ড হিউম্যানিটিস অনুষদ
হাবিপ্রবি, দিনাজপুর।